আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/18/2024 **গভর্নর ক্যাথি হোকল**

আরও নিরাপদ রাস্তাঘাট ও সাবওয়ে: ছুটি শুরু হওয়ার আগে সাবওয়েতে নিউ ইয়র্কবাসীদের নিরাপদে রাখার ব্যাপারে গভর্নর হোকল, MTA এবং আইন প্রয়োগকারী কর্মকর্তারা আপডেট দিয়েছেন

নিরাপত্তা জোরদার করতে নিউ ইয়র্ক সিটিতে অতিরিক্ত 250 জন নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড সদস্য মোতায়েন করা হবে

গভর্নর প্রতিটি সাবওয়ের গাড়িতে নিরাপত্তা ক্যামেরা স্থাপনের কাজ ত্বরান্বিত করেছেন, 15,000টিরও বেশি ক্যামেরা স্থাপন করে 100 শতাংশ কাজ সম্পন্ন হয়েছে

মানসিক স্বাস্থ্য প্রচার টিমে বিনিয়োগ সহ গভর্নরের সাবওয়ে নিরাপত্তার শক্তিশালী পাঁচ-দফা পরিকল্পনার ওপর নির্ভর করে গড়ে উঠেছে

2021 সালের জানুয়ারি থেকে, সাবওয়ের অপরাধ 42 শতাংশ কমেছে এবং রাইডারশিপ 148 শতাংশ বৃদ্ধি পেয়েছে

ছুটির আগে, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority, MTA) CEO Janno Lieber (জ্যানো লিবার) এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্কবাসীদের জানিয়েছেন যে সকল যাত্রীর জন্য সাবওয়ে সিস্টেমে নিরাপত্তা বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এই বছর মার্চ মাসে সাবওয়ে নিরাপত্তার একটি শক্তিশালী পাঁচ-দফা পরিকল্পনা ঘোষণা করার পর থেকে, নিউ ইয়র্ক সিটি ট্রানজিট সিস্টেমে অপরাধের হার 10 শতাংশ কমেছে। 2021 সালের জানুয়ারি থেকে, সাবওয়ের অপরাধ মোট 42 শতাংশ কমেছে, অন্যদিকে সিস্টেমে রাইডারশিপ 148 শতাংশ বৃদ্ধি পেয়েছে

যাত্রীদের জন্য সাবওয়ে ব্যবস্থাকে আরও নিরাপদ করার এই অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের অতিরিক্ত 250 জন সদস্যকে জয়েন্ট টাস্ক ফোর্স - এম্পায়ার শিল্ডে মোতায়েন করার নির্দেশ দিয়েছেন (Joint Task Force - Empire Shield, JTF-ES)। গভর্নর আরও ঘোষণা করেছেন যে MTA 15,396টি নিরাপত্তা ক্যামেরা স্থাপন করেছে যা এখন সমস্ত সাবওয়ে গাড়ির 100 শতাংশকে অন্তর্ভুক্ত করে।

"এই বছরের শুরুতে, আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমাদের সাবওয়েগুলোকে প্রতিদিন ট্রেনে যাতায়াতকারী লক্ষ লক্ষ মানুষের জন্য আরও নিরাপদ করে তুলব এবং আজ আমরা আরও বেশি

ন্যাশনাল গার্ড সদস্যকে মোতায়েন করে এবং প্রতিটি গাড়িতে নিরাপত্তা ক্যামেরা স্থাপন করে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখছি," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "MTA এবং নিউ ইয়র্ক সিটির সাথে হাতে হাত মিলিয়ে কাজ করার মাধ্যমে, আমরা অপরাধ প্রতিরোধ করছি, সমস্ত যাত্রীদের জন্য এটিকে নিরাপদ করে তুলছি এবং সিস্টেমটির প্রতি জনসাধারণের আস্থা পুনরুদ্ধার করছি।"

মার্চ মাসে, গভর্নর Hochul (হোকল) সাবওয়েতে যাত্রীদের সুরক্ষিত রাখার জন্য স্টেটের সংস্থান ব্যবহার করার একটি পাঁচ-দফা পরিকল্পনা ঘোষণা করেছিলেন। এই পরিকল্পনার মধ্যে ছিল ন্যাশনাল গার্ডের অতিরিক্ত সদস্য মোতায়েন করা, পুরো সিস্টেম জুড়ে MTA-এর নিরাপত্তা ক্যামেরা স্থাপনের কাজ ত্বরান্বিত করা, সিটি ও স্টেটের মধ্যে সমন্বয় বৃদ্ধি করা এবং সাবওয়ে কো-রেসপন্স আউটরিচ (Subway Co-Response Outreach, SCOUT) টিম এবং সেফ অপশন সাপোর্ট (Safe Options Support, SOS) টিমের সংখ্যা সহ মানসিক স্বাস্থ্য প্রচার কর্মসূচি সম্প্রসারণ করা।

2023 সালের তুলনায় 2024 সালে সাবওয়েতে যাত্রী সংখ্যা পাঁচ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং রেকর্ড মাত্রায় পৌঁছেছে — গত বৃহস্পতিবার, 12 ডিসেম্বর, মহামারী-পরবর্তী একদিনে 4.5 মিলিয়ন যাত্রীর রেকর্ড হয়েছে। যাত্রী সংখ্যা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে, সিস্টেমটি ব্যবহার করা প্রতিটি যাত্রীর সুস্থতা এবং সুরক্ষা নিশ্চিত করার জন্য বর্ধিত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সিটির ব্যস্ততম স্টেশনগুলো পর্যবেক্ষণ করতে এবং সাবওয়েগুলোর মধ্যে নিরাপত্তা হুমকি প্রতিরোধ করতে MTA পুলিশ বিভাগ (MTA Police Department), নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) এবং ন্যাশনাল গার্ড একসাথে কাজ করবে। নিউ ইয়র্ককে সচল রাখার একমাত্র উপায় হল সাবওয়ে ব্যবস্থা এবং তার যাত্রীদের সুরক্ষা দেওয়া।

যাত্রীদের সুরক্ষার পাশাপাশি, গভর্নরের পাঁচ-দফা পরিকল্পনা নিউ ইয়র্ক সিটি জুড়ে পরিবহন কর্মীদের নিরাপত্তা এবং সুরক্ষা বৃদ্ধির জন্য একটি শক্তিশালী ভিত্তি স্থাপন করেছে। গভর্নর Hochul (হোকল) TWU Local 100 এর 40,000 এরও বেশি সদস্য এবং আমাদের সিটিকে চলমান রাখার জন্য অন্যান্য ট্রানজিট কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

সিটির ব্যস্ততম সাবওয়েতে অতিরিক্ত ন্যাশনাল গার্ড মোতায়েন করা হয়েছে

নিউ ইয়র্ক সিটি জুড়ে নিরাপত্তা জোরদার করতে জয়েন্ট টাস্ক ফোর্স - এম্পায়ার শিল্ড এর মাধ্যমে গভর্নর Hochul (হোকল) অতিরিক্ত 250 নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড সদস্য মোতায়েন করেছেন। জয়েন্ট টাস্ক ফোর্স এম্পায়ার শিল্ড হল DMNA-এর একটি উপাদান যা আংশিকভাবে নিউ ইয়র্ক সিটির সামরিক প্রতিরক্ষার জন্য, মূলত অভ্যন্তরীণ নিরাপত্তা হুমকি প্রতিরোধ এবং প্রতিরোধের জন্য ভারপ্রাপ্ত। এটি নিউ ইয়র্ক সামরিক ন্যাশনাল গার্ড (New York Army National Guard), নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ড (New York Air National Guard), নিউ ইয়র্ক গার্ড (New York Guard) এবং নিউ ইয়র্ক নেভাল মিলিশিয়ার (New York Naval Militia) কর্মীদের নিয়ে গঠিত।

প্রতিটি গাড়িতে নিরাপত্তা ক্যামেরার ইনস্টলেশনের কাজ শেষ হয়েছে

গভর্নর Hochul-এর (হোকল) নির্দেশে, MTA পুরো সিস্টেম জুড়ে নিরাপত্তা ক্যামেরা স্থাপনের কাজ ত্বরান্বিত করেছে — এর মধ্যে যাত্রীদের সুরক্ষার জন্য ট্রেনের উপভোক্তা এলাকা এবং MTA কর্মীদের সুরক্ষার জন্য কন্ডাক্টর কেবিন অন্তর্ভুক্ত রয়েছে। MTA সিস্টেম জুড়ে প্রত্যেকটি সাবওয়ে গাড়িতে নিরাপত্তা ক্যামেরা ইনস্টল করেছে।

নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সিটি ও স্টেটের মধ্যে সহযোগিতার উন্নয়ন

পাঁচ-দফা পরিকল্পনার অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) তথ্য ভাগাভাগির সমন্বয় সাধন এবং সিস্টেমটির মধ্যে বিপজ্জনক এবং বারবার একই কাজ করা অপরাধীদের জবাবদিহির ব্যবস্থা করতে স্টেকহোল্ডারদের মধ্যে নিয়মিত বৈঠক শুরু করার প্রতিশ্রুতি দিয়েছেন। আইন প্রয়োগকারী সংস্থা, ট্রানজিট কর্মী এবং প্রসিকিউটররা তথ্য ভাগাভাগি করার জন্য এবং অপরাধীদের জবাবদিহি করার জন্য সহযোগিতামূলকভাবে কাজ করার উদ্দেশ্যে নিয়মিত বৈঠক করছেন। এটি ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের নিজেদের কেসওয়ার্কে এবং সহিংস অপরাধীদের সাবওয়ে থেকে দূরে রাখতে সহায়তা করছে। এই বৈঠকগুলো 2025 সাল পর্যন্ত অব্যাহত থাকবে যেহেতু স্টেকহোল্ডাররা নিয়মিত আমাদের ট্রানজিট সিস্টেম ব্যবহারকারী লক্ষ লক্ষ মানুষের জন্য আমাদের সাবওয়েগুলোকে নিরাপদ রাখতে কাজ করবে।

সম্প্রসারিত SCOUT এবং SOS প্রোগ্রাম

সাবওয়েতে অপরাধ কমাতে শক্তিশালী পাঁচ-দফা পরিকল্পনার অংশ হিসেবে গভর্নর Hochul-এর (হোকল) কাছে মানসিক স্বাস্থ্য উদ্যোগগুলি একটি গুরুত্বপূর্ণ বিষয়। সাবওয়ে স্টেশনগুলির মধ্যে ঘটে যাওয়া মানসিক স্বাস্থ্য সংকটের সবচেয়ে গুরুতর ঘটনাগুলো মোকাবেলা করার জন্য গভর্নর Hochul (হোকল) পুরো সিস্টেম জুড়ে SCOUT এবং SOS টিম প্রতিষ্ঠা এবং সমর্থন করেছেন। মার্চ মাসে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক সিটি এবং MTA-এর সাথে অংশীদারিত্বে SCOUT টিমের পাইলট প্রোগ্রামকে আরও বিস্তৃত করার জন্য এবং 2025 সালের শেষ হওয়ার আগে দ্রুত প্রতিক্রিয়াশীল SCOUT টিমের মোট সংখ্যা 10টি করার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার কাজে লাগিয়েছেন। এই প্রচেষ্টা সময় মেনেই এগোচ্ছে।

MTA সভাপতি এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "গভর্নর Hochul (হোকল) এবং মেয়র Adams (অ্যাডামস) এর সাথে আমাদের শক্তিশালী অংশীদারিত্বের কারণে, ট্রানজিট সিস্টেম যে শুধু সুরক্ষিতই নয়, নিউ ইয়র্কবাসীরা সেটিকে নিরাপদ মনে করেন বলে নিশ্চিত করার লক্ষ্যে আমরা কাজ করছি। এই ফলাফলের ফলে নিউ ইয়র্কবাসীরা এই ছুটির মরসুমে আত্মবিশ্বাসী হওয়ার সুযোগ পাবেন কারণ আমরা সাবওয়ে এবং কমিউটার রেলপথে দুর্দান্ত পরিষেবা — এবং আরও পরিষেবা — প্রদান অব্যাহত রাখছি।"

নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের অ্যাডজাঙ্কট জেনারেল, মেজর জেনারেল Ray Shields (রে শিল্ডস) বলেন, "নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের পুরুষ ও মহিলারা আমাদের সহযোগী নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য গভর্নর Hochu-এর (হোকল) প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে গর্বিত। ট্রানজিট ব্যবস্থাকে আরও নিরাপদ করার জন্য MTA, নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং নিউ ইয়র্ক পুলিশ বিভাগ এবং আমাদের অন্যান্য আইন প্রয়োগকারী অংশীদারদের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত।"

TWU Local 100 প্রেসিডেন্ট Richard Davis (রিচার্ড ডেভিস) বলেন, "নিরাপদ ও সুরক্ষিত কর্মপরিবেশের গুরুত্ব ট্রানজিট কর্মীরা অন্য যেকোনো ব্যক্তির চেয়ে ভালো বোঝেন। নিরাপত্তা কর্মী বৃদ্ধি থেকে শুরু করে প্রতিটি সাবওয়ে গাড়িতে ক্যামেরা লাগানো নিশ্চিত করা পর্যন্ত - গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতি - একটি শক্তিশালী বার্তা পাঠায় যে আমাদের ট্রানজিট সিস্টেমে পা রাখা প্রত্যেক ব্যক্তি সুরক্ষিত মনে করতে পারেন। আমরা গভর্নর, MTA এবং আইন প্রয়োগকারী সংস্থার সাথে আমাদের কাজ চালিয়ে যাওয়ার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি যাতে আমরা আমাদের প্রাপ্য মানসিক শান্তি পেতে পারি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন